একইভাবে অ্যাকটিনিয়াম, Ac(89) এর পরবর্তী মৌল থোরিয়াম Th(90) থেকে লরেন্সিয়াম, Lr(103) পর্যন্ত 14টি মৌলকে অ্যাকটিনাইড বলে। এদের সাধারণ ইলেকট্রন বিন্যাস (n-2)f¹⁻¹⁴(n-1)d^{0,1,2}ns² এখানে n = 6 বা 7. ল্যাঙ্ঘানাইড মৌলগুলো পর্যায় তালিকায় বিরল মৃত্তিকা মৌল নামে পরিচিত। সকল বিরল মৃত্তিকা মৌল রূপালি উজ্জ্বল সাদা, অত্যন্ত সক্রিয় তড়িৎ ধনাত্মক মৌল। এদের +3 জারণ অবস্থা সাধারণভাবে প্রদর্শিত হয় যদিও সিরিয়ামের (Ce) ক্ষেত্রে +4 জারণ অবস্থা প্রদর্শিত হয়। এদের জটিল যৌগ গঠন করার প্রবণতা আছে এবং জটিল যৌগগুলো রঙিন হয়। এ মৌলগুলোর আরো একটি বিশেষ ধর্ম হলো এদের অস্থাবিক আয়তন সংকোচন হয় যা ল্যান্থানাইড সংকোচন নামে পরিচিত। প্রকৃত বিষয়টি হলো বিরল মৃত্তিকা মৌলের ক্ষেত্রে মৌলের পরমাণু পারমাণবিক সংখ্যা বৃদ্ধি সাথে সাথে মৌলের পরমাণু পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মৌলের আয়তনের সংকোচন অস্থাবিকভাবে বেড়ে যায়। এর কারণ নিউক্লিয়াসের ধনাত্মক চার্জ প্রতি এক একক বৃদ্ধির সাথে সাথে f- উপস্তরে একটি করে অতিরিক্ত ইলেকট্রন প্রবেশ করে যা অন্য উপস্তর s, p ও d এর তুলনায় নিউক্লিয়াসকে ততটা অধিক পরিমাণে আচ্ছাদিত করতে পারে না। ফলে নিউক্লিয়াস ইলেকট্রনকে আরও অধিক শক্তিতে আকর্ষণ করে পারমাণবিক ব্যাসার্ধকে হ্রাস করে থাকে।

• আদর্শ মৌল : প্রকৃতিতে দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের মৌলগুলো যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। এছাড়া দ্বিতীয় পর্যায়ের যেকোনো মৌলকে প্রথম মৌল ধরে সামনের দিকে অগ্রসর হলে এ মৌলটির সাথে তৃতীয় পর্যায়ের নবম মৌলটির ধর্মের সাদৃশ্য পাওয়া যায়। অর্থাৎ এক্ষেত্রে নিয়মিত ব্যবধানে মৌলের ধর্মের পুনরাবৃত্তি ঘটে। এ কারণে দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের মৌলগুলোকে আদর্শ মৌল বলা হয়। এছাড়া চতুর্থ পর্যায়ের K(19), Ca(20) এবং Ga(31) থেকে (Kr(36) পর্যন্ত এ 4 টি মৌলও আদর্শ মৌল। পঞ্চম পর্যায়ের Rb(37), Sr(38) এবং In(49) থেকে Xe(54) পর্যন্ত এ 8টি মৌলও আদর্শ মৌল।

সপ্তম পর্যায়ের Fr(87) ও Ra(88) মৌল দুটিও আদর্শ মৌল।

• চ্যালকোজেন :

পোলোনিয়াম (Po) ও লিভারমোরিয়াম (Lv) এ দুটি মৌল ব্যতীত পর্যায় সারণিতে ১৬তম গ্রুপের অন্যসব মৌল অক্সিজেন (O), সালফার (S), সেলেনিয়াম (Se) ও টেলুরিয়াম (Te) এ চারটি মৌলকে একত্রিতভাবে চ্যালকোজেন বলে। চ্যালকোজেন শব্দের অর্থ আকরিক গঠনকারী মৌল। অধিকাংশ ধাতুর আকরিকসমূহকে পাওয়া যায় অক্সাইড ও সালফাইড হিসেবে। পোলোনিয়াম (Po) তেজস্ক্রিয় মৌল বলে এটি ধাতুর আকরিক গঠন করে না। একে চ্যালকোজেন মৌল বলা হয় না।

● **ছদ্ম হ্যালোজেন** : দুই বা ততোধিক তড়িৎ ঋণাত্মক পরমাণু যুক্ত হয়ে একক ঋণাত্মক অণুজৈব গ্রুপ সৃষ্টি করে যা হ্যালাইড আয়নের মতো সাদৃশ্য দেখায়। এ ধরনের আয়নগুলোকে ছদ্ম হ্যালাইড আয়ন বলে। যেমন-সায়ানাইড আয়ন (CN⁻), থায়োসায়ানোট আয়ন (SCN⁻), স্যেলেনো সায়ানোট আয়ন (SeCN⁻), সায়ানোট আয়ন (OCN⁻) ইত্যাদি। এদের মধ্যে আবার কিছু ডাইমারিক হিসাবে পাওয়া যায়। সেগুলো হলো- সায়ানোজেন [(CN)₂], থায়োসায়ানোজেন [(SCN)₂], সায়ানোজেন [Se(CN)₂], অ্যাজিডো কার্বন ডাইসালফাইড [(SCSN₃)₂], এ অণুগুলো হ্যালোজেন অণুর মতো একই রকম ধর্ম প্রদর্শন করে বলে এদেরকে ছদ্ম হ্যালোজেন বলা হয়।

● **দুষ্ট মৌল** : ক্রমবর্ধমান পারমাণবিক সংখ্যা অনুসারে মৌলগুলোকে পর্যায় সারণিতে স্থান দিতে গিয়ে বিজ্ঞানী মেডেলিফ লক্ষ করেন যে, গ্রুপ-1 এর ক্ষার ধাতুগুলোর সাথে H-এর ধর্মের যেমন বেশ কিছু সাদৃশ্য আছে ঠিক একইভাবে 17-তম গ্রুপের হ্যালোজেন মৌলগুলোর ধর্মের সাথেও এর বেশ কিছু গুরুত্বপূর্ণ সাদৃশ্য আছে। এ কারণ H কে গ্রুপ-1 ও গ্রুপ-17 উভয় গ্রুপেই স্থান দেয়া যায়। পর্যায় সারণিতে H এর সঠিক অবস্থান নির্ণয়ের ক্ষেত্রে মেডেলিফ বেশ কিছু অসুবিধার সম্মুখীন হন বলে হাইড্রোজেনকে তিনি দুষ্ট মৌল নামে অভিহিত করেন।

● **সেতু মৌল** : পর্যায় তালিকায় গ্রুপ-18 এর মৌলগুলোকে সেতু মৌল বলা হয়। He, Ne, Ar, Kr, Xe ও Rn মৌলগুলো সেতু মৌল। এ মৌলগুলো তীব্র তড়িৎ ঋণাত্মক মৌল (17- তম গ্রুপের মৌল) ও তীব্র তড়িৎ ধনাত্মক মৌল (1নং গ্রুপের মৌল) গুলোর মাঝে সেতু বন্ধন হিসেবে কাজ করে।

কার্বনের ব্যতিক্রমধর্মী আচরণ : ১৪ তম গ্রুপের ১ম মৌল কার্বন। এ গ্রুপের অন্যান্য মৌল অপেক্ষা ব্যতিক্রমী আচরণ প্রদর্শন করে থাকে।

- কার্বন পরমাণুর পারমাণবিক ও আয়নিক ব্যাসার্ধের অস্বাভাবিক ক্ষুদ্র আকার।
- কার্বনের উচ্চতর তড়িৎ ঋণাত্মকতা।
- উচ্চ আয়নিকরণ বিভব।
- যোজ্যতা কক্ষে d অরবিটালের অনুপস্থিতি।


এ কারণে কার্বন এ গ্রুপের অন্যান্য মৌলের তুলনায় ব্যতিক্রমধর্মী আচরণ করে।

১. কার্বনের রূপভেদ হীরক খুবই শক্ত।

২. এ গ্রুপের অন্যান্য মৌল অপেক্ষা কার্বনের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক উচ্চ।

৩. কার্বন পরমাণুর যোজ্যতাস্তরে s অরবিটালে 2টি ও p অরবিটালে 2টি ইলেকট্রন থাকে। সক্রিয় অবস্থায় s অরবিটালে 1টি ও p অরবিটালে 3টি ইলেকট্রন বর্তমান থাকে। কার্বনের সর্বোচ্চ যোজ্যতা 4 প্রদর্শন করার মতো সামর্থ্য রাখে। এ গ্রুপের অন্যান্য মৌলগুলো d অরবিটাল বর্তমান থাকায় এরা তাদের যোজ্যতা 6 পর্যন্ত প্রসারিত করতে পারে। যেমন : সিলিকনের ক্ষেত্রে (SiF₆)²⁻ গঠিত হয়। কিন্তু বর্তমান [CF₆]²⁻ গঠন করে না।

৪. ক্ষুদ্র আকার ও উচ্চ তড়িৎ ঋণাত্মকতার কারণে কার্বন পরমাণু অপর একই কার্বন পরমাণু ও অন্যান্য মৌলের সাথে একক বন্ধন, দ্বিবন্ধন ও ত্রিবন্ধন গঠনের প্রবণতা দেখা যায়।



প্রভৃতির ক্ষেত্রে এরূপ বন্ধনের সৃষ্টি হয়ে থাকে।

৫. **ক্যাটিনেশন** : এটি কার্বন পরমাণুর অন্যতম বৈশিষ্ট্য। কার্বন পরমাণুগুলো পরস্পরের সাথে যুক্ত হয়ে দীর্ঘ শিকল ও বলয় গঠন করে। কার্বন পরমাণুর ক্ষুদ্র আকার ও কার্বন-কার্বন বন্ধন শক্তি খুব বেশি বলে এরূপ ধর্মের সৃষ্টি হয়। কার্বন-কার্বন বন্ধন শক্তির মান 348 kJmol⁻¹।

(স্পেকট্রোক্যামিক্যাল সিরিজ : সব লিগ্যান্ডের শক্তির মান সমান হয় না। লিগ্যান্ড বিভিন্ন শক্তি সম্পন্ন হয়। লিগ্যান্ড কর্তৃক d-অরবিটালের ইলেকট্রনের বিকর্ষনের মাত্রাও ভিন্ন ভিন্ন হয়। শক্তিশালী লিগ্যান্ডের প্রভাবে ইলেকট্রন-ইলেকট্রন বিকর্ষণ বলের মাত্রা অধিক হয়। এ কারণে ক্রিস্টাল ফিল্ড বিভক্তিকরণে শক্তির মানও ভিন্ন হয়। লিগ্যান্ডের শক্তির উচ্চ মানের উপর ভিত্তি করে যে তালিকা প্রস্তুত করা হয় তাকে Spectrochemical series বলা হয়। I⁻<Br⁻<SCN⁻<Cl⁻<S²⁻<F⁻<OH⁻<C₂O₄²⁻<C₂O₄²⁻<H₂O<edta⁴⁻<NH₃<en<CN⁻<CO

| জটিল আয়ন | শোষিত আলোর বর্ণ | শোষিত আলো তরঙ্গ দৈর্ঘ্য (nm) | প্রদর্শিত আলোর বর্ণ |
|--|-----------------|------------------------------|---------------------|
| [Co(NH ₃) ₅ Cl] ²⁺ | হলুদ | 535 | বেগুনি |
| [Co(NH ₃) ₅ (H ₂ O)] ³⁺ | নীল সবুজ | 500 | লাল |
| [Co(NH ₃) ₆] ³⁺ | নীল | 475 | হলুদ কমলা |
| [Co(CN) ₆] ³⁻ | অতিবেগুনি | 310 | pale yellow |
| [Cu(H ₂ O) ₆] ²⁺ | লাল | 600 | নীল |
| [Ti(H ₂ O) ₆] ³⁺ | নীল সবুজ | 498 | বেগুনি |
| [Cr(H ₂ O) ₄ Cl ₂] ⁺ | | 520 | সবুজ |
| [Cr(NH ₃) ₆] ³⁺ | লাল সবুজ | 580 | হলুদ |
| [Cr(H ₂ O) ₆] ³⁺ | নীল সবুজ | 495 | বেগুনি |

● **জারণ শিখায় বর্ণ :**

| | | | |
|------------------|-----------------|------------------|------------------|
| Ca ²⁺ | Sr ⁺ | Ba ²⁺ | Ra ²⁺ |
| ইটের মত লাল | টকটকে লাল | সবুজ | টকটকে লাল |

যে সমস্ত অবস্থান্তর ধাতুর আয়নে d-অরবিটাল শূন্য থাকে সেসব ক্ষেত্রে তারা বর্ণহীন যৌগ গঠন করে।
 কিন্তু $Ti^{2+}(3d^2)$ ও $Ti^{3+}(3d^1)$ বর্ণযুক্ত। Ti^{2+} খয়েরী বর্ণের ও Ti^{3+} রক্ত শাশ বর্ণ যুক্ত যৌগ গঠন করে। $V^{2+}(3d^3)$ বেগুনি এবং $V^{3+}(3d^2)$ এর বর্ণ সবুজ। $V^{4+}(3d^1)$ এর বর্ণ নীল, $V^{5+}(3d^0)$ এর আয়ন VO_2^+ হলুদ বর্ণযুক্ত। $Cr^{3+}(3d^3)$ এর বর্ণ বেগুনি, $Mn^{3+}(3d^4)$ এর বর্ণ বেগুনি। $Mn^{2+}(3d^5)$ এর বর্ণ ধূসর, $Fe^{2+}(3d^6)$ এর বর্ণ সবুজ, $Fe^{3+}(3d^5)$ এর বর্ণ লালাচে বাদামি, $Co^{2+}(3d^7)$ এর বর্ণ গোলাপি, $Ni^{2+}(3d^8)$ এর বর্ণ সবুজ হয়।

মনে রাখবে : পর্যায় সারণিতে গ্রুপ-২ (মৃৎক্ষার ধাতু) ও গ্রুপ-১৮ (নোবেল গ্যাস) এর মৌলগুলো কখনোই ঋণাত্মক আয়নিক অবস্থায় স্থায়িত্ব অর্জন করতে পারে না।

এ কারণে গ্রুপ-২ এর মৌল Be ও Mg এর ইলেকট্রন আসক্তির মান শূন্য ও গ্রুপ-১৮ এর মৌলগুলোর ইলেকট্রন আসক্তির মান শূন্য হয়। পর্যায় সারণিতে আরো বেশ কিছু মৌল আছে যাদের ইলেকট্রন আসক্তির মান শূন্য। যেমন Mn, Zn, Cd, Hf, Hg প্রভৃতি মৌলের ইলেকট্রন আসক্তির মান শূন্য।

মনে রাখবে : মৌলের ইলেকট্রন আসক্তির সরাসরি নির্ণয় করা যায় না। তড়িৎ ঋণাত্মক মৌলের ইলেকট্রন আসক্তির মান বেশি। যে সব মৌলের ইলেকট্রন আসক্তির মান বেশি, ওরা আয়নিক বন্ধন গঠন করে। কোনো মৌলের পরমাণুর দ্বিতীয় ইলেকট্রন আসক্তির তাপহারী। এ কারণে তাত্ত্বিকভাবে O^2 , S^2 আয়নগুলো অস্থায়ী। কিন্তু MgO, CaO, CaS, CuS, FeS ইত্যাদি যৌগগুলো খুবই স্থায়ী। এর কারণে এ যৌগগুলোর উচ্চ ল্যাটিস শক্তি।

● জটিল আয়ন গঠন : নিম্নলিখিত কারণসমূহ অবস্থান্তর মৌলের জটিল আয়ন গঠনের জন্য দায়ী-

- (ক) অসম্পূর্ণ d অরবিটাল
- (খ) ক্যাটায়নের ক্ষুদ্র আকার
- (গ) সন্নিবেশ সংখ্যা ও জারণ সংখ্যা
- আয়নিকরণ বিভব একটি তাপহারী প্রক্রিয়া।
- মৌলের আয়নিকরণ বিভব সাধারণত নিচের বিষয়গুলোর উপর নির্ভর করে থাকে।
 - (ক) পরমাণুর আকার বৃদ্ধিতে আয়নিকরণ বিভবের হ্রাস ঘটে-এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক।
 - (খ) নিউক্লিয়াসের আধান বৃদ্ধিতে আয়নিকরণ বিভব বৃদ্ধি পায়-এটি হলো পর্যায়ভিত্তিক ধর্ম।
 - (গ) পূর্ণ ও অর্ধপূর্ণ অরবিটালযুক্ত পরমাণু অধিক সুস্থিতির কারণে পর্যায়ভিত্তিক সম্পর্কের ব্যতিক্রম ঘটে।
 - (ঘ) প্রধান কোয়ান্টাম সংখ্যা।
 - (ঙ) আচ্ছাদন প্রভাব।

● কোনো মৌলের ইলেকট্রন আসক্তি নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভরশীল :

- (ক) নিউক্লিয়াসে চার্জ বৃদ্ধিতে ইলেকট্রন আসক্তি বৃদ্ধি পায়-এটি হলো পর্যায়ভিত্তিক সম্পর্ক।
- (খ) যোজ্যতা স্তরে ইলেকট্রনের ঘনত্ব বৃদ্ধিতে ইলেকট্রনের আসক্তি হ্রাস পায়-এটিও পর্যায়ভিত্তিক সম্পর্ক যা সপ্তদশ (১৭ তম) গ্রুপে দেখা যায়।
- (গ) পরমাণুর আকার বৃদ্ধিতে ইলেকট্রন আসক্তি হ্রাস পায়-এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক।

● গ্রুপ বা শ্রেণিভিত্তিক সম্পর্ক :

| মৌল | পারমাণবিক ব্যাসার্ধ (pm) | ইলেকট্রন আসক্তি |
|-----|--------------------------|-----------------------------|
| H | — | -72.8 kJ mol ⁻¹ |
| Li | 123 | -59.8 kJ.mol ⁻¹ |
| Na | 157 | -52.7 kJ mol ⁻¹ |
| K | 203 | -48.36kJ.mol ⁻¹ |
| Rb | 216 | -46.89kJ .mol ⁻¹ |
| Cs | 235 | -45.50 kJ.mol ⁻¹ |

● মৌলের তড়িৎ ঋণাত্মকতা নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভরশীল :

১. পরমাণুর আকার বৃদ্ধির ফলে তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায়-এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক।
২. নিউক্লিয়াসের চার্জ বৃদ্ধি তড়িৎ ঋণাত্মকতা বৃদ্ধি পায়- এটি হলো পর্যায়ভিত্তিক সম্পর্ক।
৩. মৌলের জারণ অবস্থা।
৪. তড়িৎ ধনাত্মকতা।
৫. আয়নিকরণ বিভব ও ইলেকট্রন আসক্তি।
৬. হাইব্রিডাইজেশন।

● মৌল জারণ অবস্থা :

| মৌল বা আয়ন | জারণ সংখ্যা | তড়িৎ ঋণাত্মকতা |
|-------------|-------------|-----------------|
| Fe | 0 | 1.80 |
| Fe^{2+} | +2 | 1.83 |
| Fe^{3+} | +3 | 1.96 |

● হাইব্রিডাইজেশন :

| কার্বন পরমাণুর যৌগ | কার্বন পরমাণুর হাইব্রিডাইজেশন | তড়িৎ ঋণাত্মকতা |
|----------------------------------|-------------------------------|-----------------|
| CH ₃ -CH ₃ | sp ³ | 2.48 |
| CH ₂ =CH ₂ | sp ² | 2.75 |
| CH≡CH | sp | 3.24 |

● নিউক্লিয়াসের আধানের চেয়ে বেশি তবুও বোরনের চেয়ে বেরিলিয়ামের আয়নিকরণ বিভব বেশি। এর কারণ হলো-

১. বেরিলিয়ামের ইলেকট্রন বিন্যাস (1s²2s¹) বোরনের ইলেকট্রন বিন্যাসের (1s²2s²2p¹) চেয়ে বেশি স্থায়ী।
২. বোরনের ক্ষেত্রে p-অরবিটাল থেকে ইলেকট্রন অপসারিত হয়। অপরদিকে Be-এর ক্ষেত্রে s-অরবিটাল থেকে ইলেকট্রন অপসারিত হয়। সেজন্য B-এর চেয়ে Be-এর আয়নিকরণ বিভব বেশি।

● সারণি : 17 তম গ্রুপের মৌলের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক :

| মৌল → | F | Cl | Br | I | At |
|-----------------|------|-------|-------|--------|-----|
| গলনাঙ্ক (°C) | -233 | -103 | -7.2 | 113.5 | 302 |
| স্ফুটনাঙ্ক (°C) | -188 | -34.6 | 58.76 | 184.35 | 307 |

● N₂O₃ কে “নাইট্রাস অ্যানহাইড্রাইড” বলে। NO₂কে উভয় এসিডের মিশ্র অ্যানহাইড্রাইড বলে।

● একই মৌল দ্বারা গঠিত অণুর বন্ধনের ক্ষেত্রে : সমযোজী ব্যাসার্ধ, $r_{cov} = \frac{\text{দুটি বন্ধন পরমাণুর আন্তঃনিউক্লিয়াস দূরত্ব}}{2}$

– দুটি পদ্ধতিতে পরমাণুগুলো নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস লাভ করে। পদ্ধতি দুটি হলো-

১. ইলেকট্রন গ্রহণ বা ত্যাগের মাধ্যমে।
২. ইলেকট্রন জোড় গঠন করে পরস্পরের মধ্যে ব্যবহার করার মাধ্যমে।

– দুটি পদ্ধতিতে পরমাণুগুলো নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস লাভ করে। পদ্ধতি দুটি হলো :

৩. ইলেকট্রন গ্রহণ বা ত্যাগের মাধ্যমে।
৪. ইলেকট্রন জোড় গঠন করে পরস্পরের মধ্যে ব্যবহার করার মাধ্যমে।

● সন্নিবেশ সমযোজী বন্ধন গঠনের প্রয়োজনীয় শর্ত :

শর্ত দুটি হলো :

ক. পরমাণু, অণু, আয়ন, মূলক অথবা যৌগের মধ্যে এমন পরমাণু থাকা আবশ্যিক যার মধ্যে অবশ্যই এক বা একাধিক নিষ্ক্রিয় ইলেকট্রন জোড় বর্তমান। যেমন- AR, NH₃, H₂O, Cl⁻, F⁻, CN, NH₂

খ. যৌগ, অণু বা আয়নের মধ্যে এমন পরমাণু থাকা প্রয়োজন যার যোজ্যতাস্তর অক্টিক অর্থাৎ অসম্পূর্ণ অষ্টক। ফলে দাতা গ্রুপ কর্তৃক দানকৃত ইলেকট্রন যুগল বা নিষ্ক্রিয় ইলেকট্রন জোড়কে গ্রহণ করতে সমর্থ হয়। যেমন-H⁺, BF₃, AlCl₃, S, Fe²⁺, Fe³⁺, Co³⁺, Ni²⁺, Cu²⁺, Ag⁺। পোলারিটি ও পোলারায়ন : যেমন- HCl, HF, H₂O ইত্যাদি হলো পোলার অণু।

● সমযোজী বন্ধন গঠনে সহায়ক নিয়ামকসমূহ :

সাধারণভাবে উচ্চ তড়িৎ ঋণাত্মকসম্পন্ন একই অধাতব মৌল বা ভিন্ন অধাতব মৌলের ক্ষেত্রে সমযোজী বন্ধন গঠিত হয়। পরমাণুর সমযোজী বন্ধন গঠনে সহায়ক বেশ কিছু নিয়ামক থাকে, এ নিয়ামকগুলো বন্ধন গঠনে বিশেষ সহায়ক ভূমিকা রাখে।

১. উচ্চ আয়নিকরণ বিভব : উচ্চ আয়নিকরণ বিভব যুক্ত মৌলগুলো ইলেকট্রনকে দান করে ক্যাটায়নে পরিণত হতে চায় না। এজন্য এদের পক্ষে আয়নিক বন্ধন গঠন করা সম্ভব নয়। এ জাতীয় মৌলগুলো সমযোজী বন্ধন গঠনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে।
২. সম ইলেকট্রন আসক্তি : সমযোজী বন্ধনে অংশগ্রহণকারী মৌল দুটির ক্ষেত্রে ইলেকট্রন লাভের প্রবণতা একই হওয়া প্রয়োজন। অর্থাৎ বন্ধনে অংশগ্রহণকারী মৌল দুটির ইলেকট্রন আসক্তির মান প্রায় একই হওয়া প্রয়োজন।
৩. উচ্চ নিউক্লিয়ার আধান ও ক্ষুদ্র আন্তঃপারমাণবিক দূরত্ব : সমযোজী বন্ধনে অংশগ্রহণকারী ইলেকট্রনের উপর পরমাণুর আকর্ষণ বলের প্রভাব নির্ভর করে পরমাণুটির নিউক্লিয়াসের আধানের মান ও পারমাণবিক দূরত্বের উপর। পরমাণুর নিউক্লিয়াসের আধানের মান যত উচ্চ হয় এবং আন্তঃপারমাণবিক দূরত্ব যত ছোট হয় সমযোজী বন্ধন গঠন তত সহজ হয়।
৪. যোজ্যতাস্তরের ইলেকট্রনের সংখ্যা : পরমাণুর যোজ্যতাস্তরের ইলেকট্রন সংখ্যা সমযোজী বন্ধন গঠনের ক্ষেত্রে ভূমিকা রাখে। যেসব পরমাণুর যোজ্যতাস্তরে 5, 6 ও 7টি ইলেকট্রন বর্তমান সেসব পরমাণুগুলো প্রয়োজনীয় সংখ্যক ইলেকট্রনকে শেয়ার করে অষ্টক পূর্ণ করার প্রবণতা দেখায়। পরমাণুর যোজ্যতাস্তরে 5, 6 ও 7টি ইলেকট্রন থাকলে এরা যথাক্রমে 3, 2 ও 1টি ইলেকট্রন জোড় সৃষ্টির মাধ্যমে অষ্টক পূর্ণ করে। পর্যায় সারণির 15, 16 ও 17 তম গ্রুপের মৌলগুলোর ক্ষেত্রে এ প্রভাব দেখা যায়।
৫. সম তড়িৎ ঋণাত্মকতা : ইলেকট্রন শেয়ারে অংশগ্রহণকারী মৌল দুটি সম তড়িৎ ঋণাত্মকতা সম্পন্ন হলে কোনো পরমাণুই বন্ধন ইলেকট্রনকে তার নিজের দিকে আকর্ষণ করতে পারে না। ফলে সমযোজী বন্ধন প্রতিষ্ঠিত হয়। সম তড়িৎ ঋণাত্মকতার কারণেই শেয়ার করা ইলেকট্রন জোড় উভয় পরমাণুর যোজ্যতাস্তরে অবস্থান করে।

● বিভিন্ন σ -বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা : বিভিন্ন σ বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা বিভিন্ন হয়। $(s-s)$ σ - বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা, $(s-p)$ σ - বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা অপেক্ষা কম। একইভাবে $(s-p)$ σ - বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা $(p-p)$ σ - বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তা অপেক্ষা কম হয়। অর্থাৎ σ - বন্ধনের স্থায়িত্ব ও দৃঢ়তার ক্ষেত্রে $(p-p) \sigma > (s-p) \sigma < (s-s) \sigma$ । $(p-p)$ σ বন্ধনের ক্ষেত্রে সংযুক্ত p - অরবিটাল দুটির অক্ষদণ্ড বরাবর অধিক্রমণের ফলে অনেকটা স্থান জুড়ে অধিক্রমণ ঘটে। অর্থাৎ অধিক্রমণ ক্ষেত্রের বিস্তার বেশি হয়। এজন্য উৎপন্ন $(p-p)$ σ -বন্ধনের দৃঢ়তা ও স্থায়িত্ব বেশি হয়। $(s-p)$ σ -বন্ধনের ক্ষেত্রে s -অরবিটালের অভিমুখ না থাকার কারণে p - অরবিটালের ক্ষেত্রের অভিমুখই $s-p$ বন্ধনের অভিমুখ হিসেবে পায়। এক্ষেত্রে অধিক্রমণের ক্ষেত্রের কম হয়। $(s-s)$ σ - বন্ধনের ক্ষেত্রে, s -অরবিটালের কোনো অভিমুখ না থাকার জন্য অধিক্রমণের বিস্তার ক্ষেত্রে সবচেয়ে কম হয়। এজন্য $(s-s)$ σ বন্ধন সবচেয়ে দুর্বল হয়।

● সংকরায়ন বেশ কিছু উল্লেখযোগ্য বৈশিষ্ট্য নিচে উল্লেখ করা হলো-

১. যেসব পারমাণবিক অরবিটালগুলো সংকরায়নে অংশগ্রহণ করবে, তাদের মধ্যে শক্তির পার্থক্য খুব কম থাকে।
২. সংকরায়নে যত সংখ্যক পারমাণবিক অরবিটাল অংশগ্রহণ করবে, ঠিক সমান সংখ্যক সংকরিত অরবিটাল উৎপন্ন হয়।
৩. সংকরায়নের পর প্রতিটি সংকরায়িত অরবিটাল একই আকৃতির ও সমতুল্য শক্তিসম্পন্ন হয়।
৪. সংকরায়িত অরবিটালগুলোর নিউক্লিয়াসের যেকোনো একদিকে ইলেকট্রনের ঘনত্ব বেশি থাকে। এজন্য একটি লোব অপরটির তুলনায় বড় হয়।
৫. সংকরায়িত অরবিটালগুলো অসংকরায়িত পারমাণবিক অরবিটালের তুলনায় অধিক শক্তিশালীভাবে বন্ধন গঠন করে। কারণ সংকরায়িত অরবিটালের অধিক্রমণের পরিমাণ অসংকরায়িত অরবিটালের তুলনায় অধিক হয়।
৬. কোন পারমাণবিক অরবিটাল একবার সংকরায়িত অরবিটালে পরিণত হলে পারমাণবিক অরবিটালটি বিসৃষ্ট অবস্থায় ইলেকট্রন ধরে রাখতে পারে না।
৭. সংকর অরবিটালগুলো সবসময় হুন্ডের নীতি ও পাউলির বর্জন নীতিকে যথাযথভাবে অনুসরণ করে।
৮. অর্ধপূর্ণ ও পরিপূর্ণ উভয়, পারমাণবিক অরবিটালগুলো সংকরায়নে অংশগ্রহণ করে।
৯. পারমাণবিক অরবিটালের ইলেকট্রন নয় শুধু পারমাণবিক অরবিটালগুলো সংকরায়নের অংশগ্রহণ করে।
১০. সংকর অরবিটালগুলো শুধু মুখোমুখি অধিক্রমণ করে থাকে এবং σ -বন্ধনের সৃষ্টি করে। এদের পক্ষে π বন্ধন সৃষ্টি করা সম্ভব নয়।
১১. সংকরায়নের প্রকৃতি থেকে অণুর জ্যামিতিক গঠন কাঠামো এবং বন্ধন কোণের মান সম্পর্কে ধারণা পাওয়া যায়।

● কতগুলো মনোডেটেন্ট বা ইউনিডেটেন্ট লিগ্যান্ড :

| নাম | সংকেত | আধান | লিগ্যান্ডের নাম |
|-----------------------|---|------|--------------------|
| ১. অ্যামোনিয়া | $\ddot{\text{N}}\text{H}_3$ | 0 | অ্যামিন |
| ২. ফসফিন | $\ddot{\text{P}}\text{H}_3$ | 0 | ফসফাইন |
| ৩. পানি | $\text{H}_2\ddot{\text{O}}$ | 0 | অ্যাকোয়া |
| ৪. কার্বন মনোক্সাইড | CO | 0 | কার্বোনাইল |
| ৫. নাইট্রিক অক্সাইড | NO | 0 | নাইট্রোসিল |
| ৬. পিরিডিন | $\text{C}_6\text{H}_5\ddot{\text{N}}$ | 0 | পাইরিডাইনি |
| ৭. ট্রাইফিনাইল ফসফাইন | $(\text{C}_6\text{H}_5)_3\ddot{\text{P}}$ | 0 | ট্রাইফিনাইল ফসফাইন |
| ৮. সায়ানাইড আয়ন | $:\text{CN}^-$ | -1 | সায়ানো |
| ৯. হ্যালাইড আয়ন | X | -1 | হ্যালা |
| ১০. হাইড্রক্সাইড আয়ন | $:\text{OH}^-$ | -1 | হাইড্রক্সো |
| ১১. অ্যামাইড আয়ন | $\ddot{\text{N}}\text{H}^{2-}$ | -1 | অ্যামিডো |
| ১২. অ্যামিডি আয়ন | $\ddot{\text{N}}\text{H}^{2-}$ | -2 | ইমিডো |
| ১৩. অক্সাইড আয়ন | O^{2-} | -2 | অক্সো |
| ১৪. পারঅক্সাইড আয়ন | O_2^{2-} | -2 | পারঅক্সো |
| ১৫. নাইট্রোসোনিয়াম | NO^+ | +1 | নাইট্রোসোনিয়াম |
| ১৬. নাইট্রোনিয়াম | NO_2^+ | +1 | নাইট্রোনিয়াম |

● হাইড্রোজেন হ্যালাইডের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য ও শতকরা আয়নিক বৈশিষ্ট্য :

| যৌগ | তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য | শতকরা আয়নিক বৈশিষ্ট্য |
|------|---------------------------|------------------------|
| H-F | 1.9 | 60 ভাগ |
| H-Cl | 0.9 | 17 ভাগ |
| H-Br | 0.7 | 11 ভাগ |
| H-I | 0.4 | 6 ভাগ |

| তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য | 0.1 | 0.2 | 0.6 | 1.1 | 1.7 | 2.3 | 3 |
|---------------------------------|-----|-----|-----|-----|-----|-----|----|
| শতকরা মাত্রায় আয়নিক বৈশিষ্ট্য | 0.5 | 1.0 | 10 | 25 | 50 | 75 | 90 |

চার্জ সংখ্যা

• চার্জ ঘনত্ব = $\frac{\text{আয়নের আকার বা আয়তন}}$

- যৌগের সমযোজী বৈশিষ্ট্যের ক্রম : $\text{HI} > \text{HBr} > \text{HCl} > \text{HF}$.
- AgF , AgCl , AgBr , AgI যৌগের হ্যালাইড আয়নের চার্জ বৃদ্ধির ক্রম হলো : $\text{F}^- > \text{Cl}^- > \text{Br}^- > \text{I}^-$
- NaCl এর গলনাঙ্ক 801°C কিন্তু Cu_2Cl_2 এর গলনাঙ্ক 455°C
- KCl এর গলনাঙ্ক 776°C কিন্তু AgCl এর গলনাঙ্ক 455°C
- RbCl এর গলনাঙ্ক 715°C কিন্তু AuCl এর গলনাঙ্ক 170°C
- NaCl এর তুলনায় Cu_2Cl_2 যৌগে সমযোজী বৈশিষ্ট্যের বেশি আধিক্য দেখা যায়। একইভাবে AgI অণুতে Ag^+ আয়নের I^- আয়নকে পোলারিত করার ক্ষমতা NaI অণুর Na^+ আয়নের তুলনায় বেশি হওয়ায় AgI সমযোজী প্রকৃতির হলেও NaI আয়নিক।
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক :

| যৌগ | গলনাঙ্ক | স্ফুটনাঙ্ক |
|-----------------|---------------------|----------------------|
| NaCl | 815°C | 1470°C |
| MgCl_2 | 714°C | 1412°C |
| AlCl_3 | 140°C | 178°C |

- পোলার দ্রাবকে অদ্রবণীয়তা : AgF পানিতে দ্রবণীয়। পোলারায়ন বেশি ঘটে বিধায় AgCl , AgBr ও AgI পানিতে অদ্রবণীয়।
- যৌগের বর্ণ : AgF , AgCl , AgBr ও AgI এর মধ্যে F^- ও Cl^- আয়ন কম পোলারায়িত হয়। AgF ও AgCl বর্ণহীন। একটু বেশি পোলারায়িত হওয়ায় AgBr হালকা হলুদ। I^- আয়ন অপেক্ষাকৃত আরও বেশি পোলারায়িত হওয়ায় AgI গাঢ় হলুদ হয়। HgCl_2 বর্ণহীন হলেও HgI_2 লাল বর্ণযুক্ত। দেখা যায় অক্সাইড, সালফাইড আয়নের পোলারায়িত হওয়ার প্রবণতা একটু বেশি। ক্যাটায়ন যেমন Hg^{2+} , Cu^{2+} , Cd^{2+} , Pb^{2+} , Sb^{3+} প্রভৃতি আয়নের সাথে সালফাইড (S^{2-}) আয়ন খুব বেশি পোলারায়িত হয়। ফলে উৎপন্ন সালফাইড যৌগসমূহ বর্ণযুক্ত হয়। যেমন : CuS , PbS , HgS কালো, CdS হলুদ, Sb_2S_3 কমলা বর্ণযুক্ত।
- অক্সাইডের প্রকৃতি : ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতার ক্রম- $\text{Si}^{4+} > \text{Al}^{3+}$, $\text{Mg}^{2+} > \text{Na}^+$
- কৌণিক স্পর্শক : পর্যায় সারণিতে কোনোকুনিভাবে অবস্থিত দুটি ধাতব ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতা একই রকম হলে তাদের ধর্মও একই রকম হয়। পর্যায় তালিকায় ২নং গ্রুপের মৌলের আয়ন M^{2+} গুলোর পোলারায়নের ক্রম : $\text{Be}^{2+} > \text{Mg}^{2+} > \text{Ca}^{2+} > \text{Sr}^{2+} > \text{Ba}^{2+}$ এদের কার্বনেটের বিয়োজন প্রবণতার ক্রম হল : $\text{BeCO}_3 > \text{MgCO}_3 > \text{CaCO}_3 > \text{SrCO}_3 > \text{BaCO}_3$ এদের বিয়োজন তাপমাত্রা যথাক্রমে 100°C , 350°C , 547°C , 778°C , 998°C .
- পানির ডাইপোল মোমেন্টের মান 1.85 D।

• CO_2 , BF_3 , CCl_4 , C_6H_6 এদের ডাইপোল মোমেন্ট শূন্য।

সমযোজী বন্ধনে আবদ্ধ পরমাণু দুটি যদি অসম তড়িৎ ঋণাত্মকতা সম্পন্ন হয়, তবে কম তড়িৎ ঋণাত্মক পরমাণুটিতে তড়িৎ ধনাত্মক মেরু এবং বেশি তড়িৎ ঋণাত্মক, পরমাণুটিতে তড়িৎ ঋণাত্মক মেরুর সৃষ্টি হয়। অর্থাৎ সমযোজী বন্ধনে পোলারায়নের সৃষ্টি হয়। কোনো সমযোজী পোলার বন্ধনের দুই প্রান্তের সমান ও বিপরীত আধান পরস্পর থেকে d দূরত্বে অবস্থান করলে ধনাত্মক ও ঋণাত্মক আধানদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের গুণফলকে ঐ অণুর ডাইপোল মোমেন্ট বলা হয়। ডাইপোল মোমেন্টকে μ দ্বারা প্রকাশ করা হয়।

যদি সমযোজী পোলার বন্ধনের দুটি তড়িৎ দ্বিমেরুর প্রত্যেকের তড়িৎ আধানের মান δ এবং তাদের মধ্যবর্তী দূরত্ব d হয়, তবে ডাইপোল মোমেন্ট, $\mu = \delta \times d$ । ডাইপোল মোমেন্ট একটি ভেক্টর রাশি, এর মান ও নির্দিষ্ট অভিমুখ আছে। একে প্রকাশের ক্ষেত্রে ধনাত্মক মেরু থেকে ঋণাত্মক মেরুর দিকে কাটা তীর চিহ্ন (→) দ্বারা প্রকাশ করা হয়। CGS পদ্ধতিতে ডাইপোল মোমেন্টের একক হলো ডিভাই, যাকে সংক্ষেপে D দ্বারা প্রকাশ করা হয়। $1\text{D} = 1\delta \times 1d \text{ } 1.0 \times 10^{-10} \text{ esu}$ মানের দুটি বিপরীত আধান পরস্পর থেকে 10^{-8} cm দূরত্বের অবস্থান করলে একটির আধান ও বিপরীতধর্মী আধান দুটির দূরত্বের গুণফলকে 1 ডিভাই ID বলা হয়। অর্থাৎ $\text{ID} = 1.0 \times 10^{-10} \text{ esu} \times 10^{-8} \text{ cm} = 10^{-18} \text{ esu cm}$ ডাইপোল মোমেন্টের SI একক হলো কুলম্ব মিটার (C-m)। ডিভাই একক ও কুলম্ব মিটার এককের মধ্যে সম্পূর্ণ হলো, $1\text{C-m} = 2.9962 \times 10^{29} \text{D}$ দ্বিপরমাণু মৌলিক অণু যেমন- H_2 , O_2 , Cl_2 , Br_2 , I_2 প্রভৃতি অপোলার অণুর ক্ষেত্রে ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। একইভাবে সমস্ত প্রতিসম অণুর ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। কারণ এ অণুগুলোর পোলার বন্ধনগুলো সন্ধি ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। যেমন- CCl_4 , CH_4 , BF_3 , BCl_3 , BeCl_2 , CS_2 , CO_2 , PCl_5 , SF_6 , XeF_4 , IF_7 , C_6H_6 প্রভৃতি প্রতিসম অণুগুলোর ডাইপোল মোমেন্টের মানও শূন্য।

- যদিও অক্সিজেন মৌলটি C, P, S, Si, N প্রভৃতি অধাতব মৌলের সাথে যুক্ত হয়ে যে অক্সাইড যৌগ গঠন করে তারা সাধারণত অম্লধর্মী। কিন্তু Li, Na, Mg, Ca প্রভৃতি ধাতুর সাথে অক্সিজেনের বিক্রিয়ায় উৎপন্ন অক্সাইডের প্রকৃতি ক্ষারধর্মী। আবার Al, Zn, Pb প্রভৃতি ধাতুর অক্সাইড উভধর্মী মজার ব্যাপার হল CrO_3 , Mn_2O_7 , V_2O_5 এরা আবার অম্লধর্মী। হাইড্রোজেনের অক্সাইড H_2O_2 প্রশম অক্সাইড। অক্সিজেনের জারণ মানের ক্ষেত্রে তার স্বাভাবিক জারণ মান -2। বেশির ভাগ যৌগের মধ্যে অক্সিজেন এ জারণ মান প্রদর্শন করে থাকে। ফ্লোরিন মনোক্সাইড (OF_2) এর মধ্যে অক্সিজেনের জারণ মান +2 হয়। আবার ধাতব পারঅক্সাইড (Na_2O_2), হাইড্রোজেন পারঅক্সাইড (H_2O_2) এর ক্ষেত্রে অক্সিজেনের জারণ মান -1 হয়। সুপার অক্সাইডের মধ্যে অক্সিজেনের জারণ মান $-\frac{1}{2}$ । যেমন- KO_2 , RbO_2 , CsO_2 ।

১০ ড্যান্ডার ওয়ালস বলের বৈশিষ্ট্য :

- এ বল খুবই দুর্বল প্রকৃতির বল। কেবলমাত্র অণুসমূহ পরস্পরের খুব কাছাকাছি এলেই এ বল কার্যকরী হয়।
- পাশাপাশি গ্যাসকে তরলে পরিণত করা সম্ভব হয়।
- ডাইসোল আকর্ষণ বলের চেয়ে ড্যান্ডার ওয়ালস আকর্ষণ বল অপেক্ষাকৃত দুর্বল। সমযোজী বন্ধন শক্তির তুলনায় এটি অতি নগণ্য। যেমন : O_2 অণুর সমযোজী বন্ধন শক্তি 402 kJ. mol^{-1} কঠিন অবস্থায় অক্সিজেন অণুসমূহের মধ্যে ড্যান্ডার ওয়ালস বলের মান মাত্র 7 kJ. mol^{-1} ।
- ড্যান্ডার ওয়ালস আকর্ষণ বলের কোনো দিক নির্দেশক ধর্ম নেই। ড্যান্ডার ওয়ালস আকর্ষণ বল দু'ভাগে বিভক্ত।

১১ হাইড্রোজেন বন্ধন গঠনের পূর্বশর্ত : অণুসমূহ পরস্পরের সাথে অথবা একই অণুর মধ্যে হাইড্রোজেন বন্ধনে আবদ্ধ হতে হলে অবশ্যই নিচের শর্তসমূহ প্রযোজ্য :

- সংশ্লিষ্ট অণুসমূহকে অবশ্যই হাইড্রোজেন পরমাণুবিশিষ্ট হতে হবে।
- সংশ্লিষ্ট অণুর মধ্যে হাইড্রোজেন পরমাণুর সাথে যুক্ত অপর পরমাণুটি অবশ্যই অতিশয় তড়িৎ ঋণাত্মকতা ধর্মসম্পন্ন মৌল হতে হবে। মৌলগুলো O, F ও N এ তিনটি মৌলের মধ্যে সীমাবদ্ধ।
- অণুতে অবশ্যই নিরসঙ্গ ইলেকট্রন জোড় থাকতে হবে। এ নিরসঙ্গ ইলেকট্রন জোড়ের প্রভাবই H-বন্ধন সৃষ্টির ক্ষেত্রে মুখ্য ভূমিকা রাখে।
- তড়িৎ ঋণাত্মক মৌল ও হাইড্রোজেন পরমাণুর মধ্যকার বন্ধনটি অধিক পোলারায়ন হতে হবে।
- হাইড্রোজেন পরমাণুর সাথে যুক্ত তড়িৎ ঋণাত্মক পরমাণুটির আকার যথেষ্ট ছোট হতে হবে। যুক্ত পরমাণুর আকার ছোট হলেই অণুর হাইড্রোজেন পরমাণুর ধনাত্মক প্রান্ত ও তড়িৎ ঋণাত্মক মৌলের ঋণাত্মক প্রান্তের মধ্যকার পোলারায়ন অধিক কার্যকরী হয়। হাইড্রোজেন বন্ধনের কার্যকারিতাও বৃদ্ধি প্রাপ্ত হয়।

১২ অণুআণবিক H বন্ধন : একই অণুর বিভিন্ন অংশের মধ্যে গঠিত H বন্ধনকে আণুআণবিক H বন্ধন বলে। H বন্ধন সৃষ্টি হওয়াকে চিলেশন বলা হয়। চিলেশনের কারণে বলয় গঠিত হয়। যেমন- i) অর্থোনাইট্রোফেনল, $C_6H_4(OH)NO_2$ (ii) অর্থো হাইড্রক্সি আণুআণবিক বেনজালডিহাইড $C_6H_4(OH)CH$

১৩ সংযোজিত অণু গঠন : HF, CH_3-COOH , C_6H_5-COOH প্রভৃতি যৌগের একাধিক অণু হাইড্রোজেন বন্ধনের মাধ্যমে পরস্পরের সাথে যুক্ত হয়ে ডাইমার, ট্রাইমার, পলিমার ইত্যাদি বৃহৎ অণুর সৃষ্টি করে থাকে। যেমন- $(HF)_2$, $(HF)_3$, $(CH-COOH)_2$

তড়িৎ বিশেষ্য যৌগ $\rightarrow [Co(NH_3)_6]Cl_3$ হেক্সামিন কোবাল্ট (III) ক্লোরাইড

তড়িৎ অবিশেষ্য যৌগ $\rightarrow [Co(NH_3)_3Cl_3]$ ট্রাইক্লোরেট্রাইঅ্যামিন কোবাল্ট (III) ক্লোরাইড

তড়িৎ বিশেষ্য যৌগ $\rightarrow [Cr(H_2O)_4Cl_2]Cl$ টেট্রাকোয়াডাইক্লোরো ক্রোমিয়াম (III) ক্লোরাইড

তড়িৎ অবিশেষ্য যৌগ $\rightarrow [Cr(H_2O)_3Cl_3]$ ট্রাইকোয়াইক্লোরো ক্রোমিয়াম (III) ক্লোরাইড

১৪ অবস্থান্তর মৌলের প্রভাবক রূপে ক্রিয়া :

Pt, Fe, V_2O_5 , Ni ইত্যাদির প্রভাবন ক্ষমতা বিশেষভাবে উল্লেখযোগ্য। হেবার প্রণালিতে N_2 ও H_2 সংযোগে NH_3 উৎপাদনে Fe প্রভাবক হিসেবে ক্রিয়া করে। হাইড্রোজেনেশন প্রক্রিয়ায় Ni একটি ভালো প্রভাবক। এক্ষেত্রে Fe_2O_3 ও প্রভাবক হিসেবে ব্যবহৃত হয়।

মনে রাখবে : O_2 অণুর ক্ষেত্রে প্রতিটি অক্সিজেন পরমাণুতে দুই জোড়া জোড় অব্যবহৃত ইলেকট্রন থাকে। অপরপক্ষে N_2 অণুর ক্ষেত্রে প্রতিটি নাইট্রোজেন পরমাণুতে মাত্র একজোড়া অব্যবহৃত ইলেকট্রন থাকে। ফলে O_2 অণুর মধ্যে বিকর্ষণ বল N_2 অণু অপেক্ষা কিছুটা অধিক হয়। অর্থাৎ N_2 অণুর মধ্যে বিকর্ষণ বল কম হয়। এ কারণে N_2 অণু O_2 অণু অপেক্ষা অধিক সুস্থিতি অর্জন করে। অণু যত সুস্থিত হয় তার বন্ধন বিয়োজন শক্তির মান তত উচ্চ হয়।

হাইড্রোজেন পরমাণু দ্বারা 1 মোল হাইড্রোজেন উৎপন্ন করতে 433 JK তাপ বেড়িয়ে আসে। অর্থাৎ হাইড্রোজেন পরমাণু অপেক্ষা হাইড্রোজেন অণুতে শক্তি কম থাকে।

বিডি নিয়োগ.কম

অন্যান্য লেখকের অনুশীলনার MCQ

মাহবুব হাসান লিথকন, ড. মোঃ আব্দুল করিম, মোঃ নূরুল ইসলাম

1. C, H, O, N এবং S এর তড়িৎ ঋণাত্মকতা যথাক্রমে 2.5, 2.1, 3.5, 3.0 এবং 2.5। নিচের কোন বন্ধন সবচেয়ে পোলার?
 - A) C-H
 - B) N-H
 - C) S-H
 - D) O-H *
2. কোনটিতে বন্ধন কোণ সবচেয়ে বড়?
 - A) H_2O
 - B) SO_2 *
 - C) NH_3
 - D) CH_4
3. বরফের একটি অণুতে কয়টি হাইড্রোজেন বন্ধন বিদ্যমান?
 - A) 1
 - B) 2 *
 - C) 3
 - D) 4
4. Fe (26) মৌলটি কোন ব্লকের অন্তর্গত?
 - A) s
 - B) p
 - C) d *
 - D) f
5. $M-2e \rightarrow M^{+2}$ গঠন করলে M ধাতু কোনটি?
 - A) ক্ষার ধাতু
 - B) মৃৎক্ষার ধাতু *
 - C) অবস্থান্তর ধাতু
 - D) অধাতু
6. $M+\Delta H \rightarrow M^+ + e^-$; এখানে ΔH কোনটি?
 - A) ইলেকট্রন আসক্তি
 - B) আয়নিকরণ শক্তি *
 - C) তড়িৎ ঋণাত্মক
 - D) তড়িৎ ধনাত্মক
7. F এর ইলেকট্রন আসক্তি কত?
 - A) -333 kJ/mol *
 - B) -348 kJ/mol
 - C) -350 kJ/mol
 - D) -390 kJ/mol
8. Cl এর ইলেকট্রন আসক্তি F থেকে বেশি এর কারণ কোনটি?
 - A) F এর পারমাণবিক ভর
 - B) Cl এর ২য় স্তরের ইলেকট্রনের ঘনত্ব
 - C) F এর আকার *
 - D) Cl এর আকার
9. কোনটি সমযোজী যৌগ?
 - A) CsCl
 - B) FrCl
 - C) $BeCl_2$
 - D) HBr^*
10. $[Cu(NH_3)_4]Cl_2$ যৌগটিতে Cu এর সন্নিবেশ সংখ্যা কত?
 - A) 3
 - B) 4 *
 - C) 5
 - D) 2
11. H_2S এর হাইড্রোজেন বন্ধন কত তাপমাত্রার ভাঙ্গে?
 - A) $4^\circ C$ *
 - B) $10^\circ C$
 - C) $50^\circ C$
 - D) $100^\circ C$
12. যৌগস্থিত মৌল সমূহের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য কত হলে যৌগটিতে মেরু থাকবে?
 - A) 0.5-1.7 *
 - B) 1-2.1
 - C) 2.5-3
 - D) 3.1-3.5
13. H_2O ও I_2 এর মধ্যে কোন প্রকার আন্তঃক্রিয়া বিদ্যমান?
 - A) ডাইপোল-আবিষ্ট ডাইপোল *
 - B) আবিষ্ট ডাইপোল-আবিষ্ট ডাইপোল
 - C) পলিমার-পলিমার বন্ধন
 - D) পলিমার-মনোমার বন্ধন
14. কোনটি পানিতে অদ্রবণীয়?
 - A) $C_6H_{12}O_6$
 - B) $C_{12}H_{22}O_{11}$
 - C) SiO_2^*
 - D) NaCl
15. ফেরিক পারক্লোরেট এর সংকেত কোনটি?
 - A) $Fe(ClO_4)_3$ *
 - B) $Fe(ClO_3)_2$
 - C) $Fe(ClO_3)_3$
 - D) $Fe(Cl_2O_4)_2$
16. ক্যাটায়ন সমূহের পোলারায়ন দক্ষতার সঠিক ক্রম কোনটি?
 - A) $L > M > N$ *
 - B) $L < M < N$
 - C) $K > N > M$
 - D) $K > M < N$

ড. সরোজ কান্তি সিংহ হাজারী ও অধ্যাপক হারাদন নাগ
1. কোন মৌলের পরমাণুর যোজ্যতাস্তরে $ns^2 np^5$ ইলেকট্রন বিন্যাস থাকলে ঐ মৌলের অবস্থার পর্যায় সারণিতে কোনো গ্রুপে হবে?
 - A) 15(5A)
 - B) 15(5B)
 - C) 15(7A) *
 - D) 2(2A)
2. চারটি হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির মান (kJ/mol) নিম্নরূপ; এদের মধ্যে কোনটির অ্যানায়ন গঠনের প্রবণতা বেশি হবে?
 - A) F(-328)
 - B) Br(-325)
 - C) Cl(-349) *
 - D) I(-295)
3. নিচের কোন আয়নের আকার সবচেয়ে ছোট হবে?
 - A) F^-
 - B) O^{2-}
 - C) N^{3-}
 - D) $Na^+ *$
4. পর্যায় সারণির কোন গ্রুপের মৌলগুলো তীব্র জারক?
 - A) গ্রুপ-1
 - B) গ্রুপ-2
 - C) গ্রুপ-17 *
 - D) গ্রুপ-16
5. কোন মৌলের পরমাণুর যোজ্যতা ইলেকট্রন $ns^2 np^6$ হলে এটির গ্রুপ সংখ্যা হবে কোনটি?
 - A) 8(8A)
 - B) 18(8A) *
 - C) 6(6B)
 - D) 8(8A)
6. নিম্নোক্ত ইলেকট্রন বিন্যাসের পরমাণুর কোনটির পারমাণবিক ব্যাসার্ধ সবচেয়ে বড় হবে?
 - A) $1s^2 2s^1$ *
 - B) $1s^2 2s^2$
 - C) $1s^2 2s^2 2p^1$
 - D) $2s^2 2p^2$
7. নিচের অণুগুলোর কোনটিতে বন্ধন দূরত্ব সবচেয়ে কম?
 - A) H_2
 - B) N_2 *
 - C) O_2
 - D) F_2
8. কোন অরবিটালটি কখনও পাই (π) বন্ধন গঠনে অংশ নেয় না?
 - A) s-অরবিটাল *
 - B) p-অরবিটাল
 - C) d-অরবিটাল
 - D) f-অরবিটাল
9. $POCl_3$ গঠনকালে কেন্দ্রীয় পরমাণুর কোন প্রকার সংকরণ ঘটে?
 - A) sp
 - B) sp^2
 - C) sp^3 *
 - D) $sp^2 d$

ড. গাজী মো. আহসানুল কবীর, ড. মো. রবিউল ইসলাম
1. ইলেকট্রন আসক্তির মান $Cl = -361 kJ mol^{-1}$, $Br = -340 kJ mol^{-1}$, $I = -380 kJ mol^{-1}$ কোন মৌলটির ঋণাত্মক আয়ন গঠনের প্রবণতা সর্বাধিক?
 - A) Br
 - B) I
 - C) Cl *
 - D) Cl এবং Br

2. একটি মৌল A এর বহিস্তরের ইলেকট্রনীয় কাঠামো নিম্নরূপ হলে A_2O যৌগটিতে কী ধরনের বন্ধন উপস্থিত ?
 $A \dots 3s^2 3p^6 4s^1$ এবং $O \dots 2s^2 2p^4$
 A) আয়নিক * B) সমযোজী
 C) সন্নিবেশ D) সমযোজী ও সন্নিবেশ

3. পোলারন ক্ষমতা দেখানো হলো, নিম্নের কোনটি সঠিক ?
 A) $Al^{3+} > Mg^{2+}$ * B) $Mg^{2+} > Al^{3+}$
 C) $Be^{2+} > Mg^{2+}$ D) $Mg^{2+} > Be^{2+}$

4. $CaCl_2$ এবং $AlCl_3$ এর মধ্যে কোনটি অধিক সমযোজী ?
 A) $CaCl_2 > AlCl_3$ B) $AlCl_3 > CaCl_2$ *
 C) উভয়ই আয়নিক D) উভয়ই সমযোজী

5. সন্নিবেশ বন্ধন উপস্থিত কোন ক্ষেত্রে ?
 A) H_2O B) NH_3
 C) NH_4^+ * D) $K_4[Fe(CN)_6]$ *

6. A মৌলের তড়িৎ ঋণাত্মকতা 4.0। মৌলটি হাইড্রোজেনের সঙ্গে HA যৌগ গঠন করে। 'N' আভোগাড্রো সংখ্যা হলে HA এর একটি অণুর ভর, কোনটি সঠিক ?
 A) $\frac{N}{20}$ B) 2.0N
 C) 20N D) $\frac{20}{N}$ *

7. একটি মৌলে পারমাণবিক সংখ্যা 35 মৌলটির অবস্থান কোন ব্লকে?
 A) s- ব্লক B) p- ব্লক *
 C) d- ব্লক D) f- ব্লক

9. A এর তড়িৎ ঋণাত্মকতা 0.9 এবং B এর তড়িৎ ঋণাত্মকতা 3.0। মৌল A এবং B এর মধ্যে গঠিত যৌগের বন্ধন কী ধরনের ?
 A) আয়নিক * B) সমযোজী
 C) সন্নিবেশ D) ধাতব বন্ধন

10. কোন যৌগটি অধিক সমযোজী ?
 A) $AlCl_3$ B) NaCl
 C) CCL_4 * D) $MgCl_2$

ড. মো. মুমিনুল হক, ড. মোহাম্মদ আবু ইউসুফ, আনিকা অনি

1. নিচের কোন মৌলটির অক্সাইড সবচেয়ে ক্ষারীয় ?
 A) Na * B) Cs
 C) Mg D) Sr
2. নিচের কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি ?
 A) F * B) Cl
 C) O D) Br
3. নিচের কোন যৌগটির বন্ধন কোণ সবচেয়ে বেশি ?
 A) মিথেন B) পানি
 C) অ্যামোনিয়া D) কার্বন-ডাই অক্সাইড *

4. H_2O যৌগে H এবং O বন্ধনে বিদ্যমান -
 A) s-sp সংকর অরবিটাল
 B) s- sp^2 সংকর অরবিটাল
 C) s- sp^3 সংকর অরবিটাল *
 D) sp- sp^3 সংকর অরবিটাল যৌগ

5. Cl_2O_7 পানির সাথে বিক্রিয়া করে তৈরী করে-
 A) Cl_2 B) HOCl
 C) $HClO_4$ * D) HCl

6. আমরা যে চুন খেয়ে থাকি তার সংকেত -
 A) Na_2O B) MgO
 C) $CaCO_3$ D) $Ca(OH)_2$ *
7. SiO_2 এর জলীয় দ্রবন-
 A) উভধর্মী B) অম্লীয় *
 C) ক্ষারীয় D) নিরপেক্ষ
8. কোন মৌলটির আয়নিকরণ বিভব সবচেয়ে বেশি ?
 A) H B) Li *
 C) Na D) F

প্রফেসর ড. সৈয়দ মোঃ ইকবাল মঈজ, মোঃ হারুন-অর রশিদ,
 ওয়াহিদউজ্জামান, এ এসএম আতিকুর রহমান

1. কোন গ্রুপের কোনো উপগ্রুপ নেই ?
 A) VIII * B) III
 C) VII D) IV
2. কোন শ্রেণিভুক্ত মৌলকে চালকোজেন বলা হয় ?
 A) IA B) IIA
 C) VIA * D) VIIA

3. নিম্নের কোন মৌলটি সাধারণ তাপমাত্রায় তরল ?
 A) ns^1 হতে ns^2 B) ns^1 হতে $ns^2 np^5$
 C) ns^2 হতে $ns^2 np^5$ * D) ns^2 হতে $ns^2 np^6$
4. নিম্নের কোন মৌলিক পদার্থ সাধারণ তাপমাত্রায় তরল ?
 A) Rb B) Cs *
 C) Cl_2 D) I_2

5. OF_2 যৌগটি কোন ধর্মী ?
 A) প্রশম B) অম্লধর্মী
 C) ক্ষারধর্মী D) উভয়ধর্মী *
6. যৌগগুলোতে সমযোজী বৈশিষ্ট্যের সঠিক ক্রম কোনটি ?
 A) $BeCl_2 > CaCl_2 > MgCl_2$
 B) $BeCl_2 > MgCl_2 > CaCl_2$ *
 C) $MgCl_2 > CaCl_2 > BeCl_2$
 D) $CaCl_2 > MgCl_2 > BeCl_2$

স্বপন কুমার মিত্তী

1. $K_4[Fe(CN)_6]$ এর বন্ধন হলো-
 A) সবগুলো আয়নিক
 B) সবগুলো সমযোজী
 C) আয়নিক ও সমযোজী
 D) আয়নিক, সমযোজী এবং সন্নিবেশ সমযোজী *

ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, মোহাম্মদ তোফায়েল আহাম্মদ,
 ড. মোঃ রেয়াজুল হক, এস,এম আফজাল হোসেন

1. অম্লধর্মী অক্সাইড কোনটি ?
 A) CO B) Al_2O_3
 C) PbO_2 D) B_2O_3 *
2. কোন যৌগটি Odd (বিজেড) ইলেকট্রন অণু ?
 A) CO B) CO_2
 C) N_2O D) NO_2 *

বিদ্যুৎ কুমার রায়, তাপস কুমার আচার্য

1. কোন ধরনের মৌলকে প্রতিনিধিত্বকারী মৌল বলা হয় ?
 A) s ও d ব্লক মৌল B) p ও s ব্লক মৌল *
 C) s ও f ব্লক মৌল D) d ও f ব্লক মৌল

2. নিচের কোন মৌলটির আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি ?
 A) Na B) As
 C) S D) Cl *
3. Sr কোন ধরণের ধাতু?
 A) ক্ষারীয় B) মৃৎক্ষারীয় *
 C) অম্লীয় D) নিরপেক্ষ

সঞ্জিত কুমার গুহ

1. নিচের কোন গ্রুপের মৌল সমূহ অবস্থান্তর মৌল ?
 A) Sc, Fe, Cu, Cr B) Fe, Co, Ni, Zn
 C) Cr, Mn, Fe, Cu * D) Sc, Cr, Fe, Zn
2. কোনটি আয়নিকরণ বিভবের সঠিক ক্রম ?
 A) $Be > B > N > O^*$
 B) $Be > B > O > N$
 C) $N > O > B > Be$
 D) $N > O > Be > B$

প্রফেসর ড. সুভাষ চন্দ্র পাল, বি.এম. মহাবীর রহমান, বিমলেন্দু ভৌমিক,
 সৈয়দ আনোয়ার হোসেন

1. কোন আয়নের আকার ক্ষুদ্রতম ?
 A) Na^+ B) Mg^{3+}
 C) Al^{3+} * D) Nc
2. কোন ফ্লোরাইড সবচেয়ে বেশি আয়নিক ?
 A) NaF * B) CsF
 C) MgF_2 D) BaF_2
3. কোন মৌলের জোড়গুলি দ্রুত বিক্রিয়া করে ?
 A) $Li + Br_2$ B) $Li + Cl_2$
 C) $K + Br_2$ D) $K + Cl_2$ *
4. BF_3 অণুর আকৃতি ও কোণের পরিমাণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক ?
 A) চতুস্তলক, $190^\circ 28'$
 B) সরল রৈখিক, 180°
 C) কোণিক আকৃতির, 105°
 D) ত্রিকোণাকার সমতলীয়, 120° *
 মোঃ মহিবউদ্দিন, মোঃ আব্দুল লতিফ, মোঃ মঞ্জুরুল ইসলাম
1. sp^2 সংকর অর্বিটালের আকৃতি কিরূপ হয়?
 A) সরল রৈখিক B) ত্রিভুজ আকৃতির *
 C) চতুস্তলকীয় D) ত্রিকোণাকার পিরামিডীয়

বিডি নিয়োগ.কম

Home Practice-16

ইলেকট্রন বিন্যাসের ভিত্তিতে মৌলের শ্রেণীবিভাগ

- আধুনিক পর্যায় সারণীতে কয়টি পর্যায় ও শ্রেণী আছে ?
A) ১২টি পর্যায় ৮টি শ্রেণী B) ১৮টি পর্যায় ৭টি শ্রেণী
C) ৭টি পর্যায়, ১৮টি শ্রেণী D) ৮টি পর্যায় ১২টি শ্রেণী
- আধুনিক পর্যায় সারণীকে অন্য কী নামে ডাকা হয় ?
A) মেন্ডেলিফ সারণি B) পারমাণবিক সারণি
C) বোর সারণি D) পাউলিং সারণি
- মস্কাভিয়াম (Mc), ওগানেসান (Og) কোন ব্লকভুক্ত মৌল ?
A) s-ব্লক B) d-ব্লক
C) f-ব্লক D) p-ব্লক
- নিচের কোনটি সত্য নয় ?
A) সেরিয়াম একটি অস্তঃঅবস্থান্তর মৌল
B) Ce এর পারমাণবিক সংখ্যা 58
C) Ce^{3+} আয়নটিতে $4f^2$ ইলেকট্রন থাকে
D) ${}_{58}Ce = [Xe] 4f^2 6s^2$
- IUPAC কর্তৃক অনুমোদিত মৌলের সংখ্যা কতটি ?
A) ১১৮টি B) ১১৪টি
C) ১১৬টি D) ১১২টি
- ২৮ পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলের জন্য কোনটি সত্য ?
A) পর্যায় ৪, গ্রুপ-১১ B) পর্যায় ৪, গ্রুপ-১০
C) পর্যায় ৪, গ্রুপ-৬ D) পর্যায় ৬, গ্রুপ-৩

S ব্লক

- Li এর গলনাঙ্ক কত ?
A) $180.5^{\circ}C$ B) $28.4^{\circ}C$
C) $128.5^{\circ}C$ D) $108.5^{\circ}C$
- S-ব্লকের কোন মৌলগুলো বুনসেন শিখায় কোনো বিশেষ বর্ণ সৃষ্টি করে না ?
A) Ba, Mg B) Be, Na
C) Mg, Be D) Ba, Na
- নিচের কোন আয়নটি কখনো সৃষ্টি হয় না ?
A) Na^{+} B) Be^{2+}
C) K^{+} D) Mg^{2+}
- নিচের কোনটি পানিতে কম দ্রবণীয় ?
A) NaBr B) KCl
C) KI D) LiI
- নিম্নোক্ত কোনটি ক্ষারধাতু নয় ?
A) H B) Li
C) Rb D) Fr
- s-ব্লক মৌলগুলোর জন্য নিম্নোক্ত কোনটি সঠিক নয় ?
A) এদের আয়নিকরণ শক্তির মান কম
B) তীব্র বিজারক হিসেবে কাজ করে
C) ক্ষারীয় মৌলগুলোর পরমাণুর ব্যাসার্ধ অনেক ছোট হয়
D) এদের হাইড্রোক্সাইড যৌগগুলো তীব্র ক্ষারক হয়
- Li শুষ্ক হাইড্রোজেন সাথে কত তাপমাত্রায় বিক্রিয়া করে হাইড্রাইড গঠন করে ?
A) $400^{\circ}C$ B) $600^{\circ}C$
C) $800^{\circ}C$ D) $900^{\circ}C$

- গ্রুপ-১ এর শক্তির বিকিরণের বৃদ্ধি ক্রম কোনটি ?
A) $Li > Na > K > Rb > Cs$ B) $Li < Na < K < Rb < Cs$
C) $Li > K > Na > Rb > Cs$ D) $Li < K < Na < Rb < Cs$
- ক্ষারধাতুর হাইড্রেশন এনথালপির ক্রম কোনটি ?
A) $Li^{+} > Na^{+} > K^{+} > Rb^{+} > Cs^{+}$
B) $Li^{+} < Na^{+} < K^{+} < Rb^{+} < Cs^{+}$
C) $Li^{+} > K^{+} > Na^{+} > Rb^{+} > Cs^{+}$
D) $Li^{+} < K^{+} < Na^{+} < Rb^{+} < Cs^{+}$
- কোনটি দুই মৌল ?
A) H B) F
C) O D) S

P ব্লক

- নিচের কোনটি আর্দ্র বিশ্লেষিত হবে না ?
A) $SiCl_4$ B) NCl_3
C) PCl_3 D) NF_3
- কোনটি আর্দ্রবিশ্লেষিত হয় না ?
A) CCl_4 B) $SiCl_4$
C) NCl_3 D) PCl_3
- ছন্দ হ্যালোজেন নয় কোনটি ?
A) SCN^{-1} B) $SeCN^{-}$
C) CN D) $(CN)_2$
- N এর কোন অক্সাইডটি প্রশম ?
A) N_2O_3 B) NO_2
C) N_2O_5 D) NO
- P-ব্লক ভুক্ত কোন মৌলটি সেমিকন্ডাক্টর ?
A) Ge B) Ga
C) Sn D) Al
- নিচের কোন মৌলগুলো চ্যালকোজেন ?
A) O, S, Se, Ti B) O, S, Se, Te
C) O, S, Si, Te D) O, S, Si, Ti
- Al^{3+} আয়নের চার্জ ঘনত্ব কত ?
A) 10 একক চার্জ nm^{-1} B) 30 একক চার্জ nm^{-1}
C) 60 একক চার্জ nm^{-1} D) 6.0 একক চার্জ nm^{-1}
- ওয়াটার গ্যাস এর সংকেত কোনটি ?
A) $CO(g) + H_2(g)$ B) $CO(g) + N_2(g)$
C) $C(s) + H_2O(g)$ D) $C(s) + 2H_2(g)$
- নিকটোজেন শব্দের অর্থ কী ?
A) সামুদ্রিক লবণ উৎপন্নকারী B) আকরিক উৎপন্নকারী
C) বর্ণ উৎপন্নকারী D) শ্বাসরোধকারী
- সেতু মৌল বলা হয় কোন গ্রুপের মৌলসমূহকে ?
A) গ্রুপ-১ B) গ্রুপ-২
C) গ্রুপ-১৭ D) গ্রুপ-১৮
- $SO_2 + O_2 \xrightarrow{\text{প্রভাবক}} SO_3$
সংযোগ প্রণালি উপরোক্ত বিক্রিয়ায় প্রভাবক কোনটি ?
A) Pt B) Fe
C) Ni D) Co

28. নাইট্রাস অ্যানহাইড্রাইড এর সংকেত কোনটি ?
 A) N_2O_3 B) NO_2
 C) NO_3 D) N_2O_4
29. নিচের কোনটি সত্য নয় ?
 A) CO_2 স্বাভাবিক অবস্থায় গ্যাস কিন্তু SiO_2 হলো কঠিন পদার্থ
 B) শুষ্ক বরফ বা কঠিন CO_2 এর গলনাঙ্ক হলো $-56^\circ C$
 C) SiO_2 এর গলনাঙ্ক $1610^\circ C$, স্ফুটনাঙ্ক $2230^\circ C$
 D) CCl_4 পানিতে আর্দ্র বিশ্লেষিত হতে পারে
30. নিম্নোক্ত কোন গ্যাসটি নিষ্ক্রিয় মাধ্যম হিসেবে ব্যবহৃত হয় ?
 A) O_2 B) H_2
 C) N_2 D) Cl_2
31. P এর স্থায়ী অক্সাইড কতটি ?
 A) ২টি B) ৩টি
 C) ৪টি D) ৫টি
32. 200 atm চাপ এবং $500^\circ C$ তাপমাত্রায় কোন প্রভাবকের উপস্থিতিতে N_2 ও H_2 বিক্রিয়া করে NH_3 উৎপন্ন করে ?
 A) Ni গুঁড়া B) Fe গুঁড়া
 C) MnO_2 গুঁড়া D) খনিজ এসিড
33. O এর তড়িৎ ঋণাত্মকতার মান কত ?
 A) 4.0 B) 3.75
 C) 3.50 D) 3.05
34. ক্লোরিন গ্যাসের বর্ণ কেমন ?
 A) ফিকে হলুদ B) লাল বর্ণের
 C) গাঢ় বেগুনি D) সবুজাভ হলুদ
35. হ্যালোজেন হাইড্রোসিডের শক্তি ক্রম হলো-
 A) $HI > HBr > HCl > HF$
 B) $HI > HBr > HF > HCl$
 C) $HI < HBr < HCl < HF$
 D) $HI > HBr > HF > HCl$
36. অর্থোবোরিক এসিডের সংকেত কী ?
 A) B_2O_3 B) H_3BO_3
 C) H_3BO_2 D) HBO_2
37. নিম্নোক্ত কোনগুলো অপধাতু ?
 A) Si, Ge, As B) Na, K, Rb
 C) Mg, Al, Sb D) B, Fe, Ni
38. P-ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা কোনটি ?
 A) সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রনের সংখ্যা
 B) $10 +$ সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রন সংখ্যা
 C) $(n-1)d + ns$ উপস্তরে ইলেকট্রন সংখ্যা
 D) সকল P-ব্লক মৌলসমূহ পর্যায় সারণীর ৩নং গ্রুপে অবস্থান করে
39. আদর্শ মৌল বলা হয় কাদেরকে ?
 A) ১ম পর্যায়ের মৌলগুলোকে
 B) ২য় ও ৩য় পর্যায়ের মৌলগুলোকে
 C) গ্রুপ-১ ও গ্রুপ-২ এর মৌলগুলোকে
 D) ৭ম পর্যায়ের মৌলগুলো
40. নিম্নোক্ত কোনটি কার্বনের ব্যতিক্রম ধর্মী আচরণ ?
 A) কার্বন পরমাণুর আয়নিক ব্যাসার্ধের অস্বাভাবিক বৃহৎ আকার
 B) কার্বন পরমাণুর নিম্ন আয়নিকরণ বিভব
 C) কার্বনের উচ্চতর তড়িৎ ঋণাত্মকতা
 D) যোজ্যতা কক্ষে d অরবিটালের উপস্থিতি
41. লোহিত ফসফরাস অক্সিজেনের সাথে বিক্রিয়া কী উৎপন্ন করে ?
 A) P_2O_3 B) PO_3
 C) P_2O_5 D) PO_2
42. Br জারণ শিখায় কিরূপ বর্ণ প্রদর্শন করে ?
 A) সবুজ B) হলুদ
 C) ধূসর D) বাদামী
- d ব্লক**
43. P ব্লকে মৌল সংখ্যা কতটি ?
 A) ৩২টি B) ৩৬টি
 C) ৪১টি D) ৩৪টি
44. d-ব্লক মৌলের বহিঃস্থ দুটি শক্তিস্তরের ইলেকট্রন বিন্যাস-
 A) $(n-1)s^{1-2} nd^{1-10}$ B) $(n-1)d^{1-10} ns^{1-2}$
 C) $(n-1)d^{1-10} np^{1-6}$ D) $(n-1)p^{1-6} nd^{1-10}$
45. অবস্থান্তর মৌলসমূহ-
 A) ডায়াম্যাগনেটিক B) ফেরোম্যাগনেটিক
 C) নন-ম্যাগনেটিক D) প্যারাম্যাগনেটিক
46. নিম্নোক্ত কোনটি ডায়াম্যাগনেটিক নয় ?
 A) Sc^{3+} B) Ti^{4+}
 C) Zn^{+} D) Cu^{+}
47. নিম্নোক্ত কোনটি d-ব্লক মৌল কিন্তু অবস্থান্তর মৌল নয় ?
 A) Fe B) Ni
 C) Cd D) Co
48. মৌলের পরমাণুর প্যারাচৌম্বকীয় ধর্ম দ্বারা কি বোঝায় যায় ?
 A) ইলেকট্রন বিন্যাস
 B) ইলেকট্রন বিন্যাসের বিজোড় ইলেকট্রন সংখ্যা
 C) চার্জ সংখ্যা
 D) পারমাণবিক সংখ্যা
49. নিম্নোক্ত Strong field লিগ্যান্ড ?
 A) CN^- B) NH_3
 C) H_2O D) X^-
50. নিম্নোক্ত কোনটির বর্ণ সবুজ ?
 A) $Mn(OH)_2$ B) $Fe(OH)_3$
 C) $Co(OH)_2$ D) $Ni(OH)_2$
51. বিরল মৃত্তিকা মৌল (Rare earth elements) কাদের বলা হয় ?
 A) s-ব্লক B) p-ব্লক
 C) d-ব্লক D) f-ব্লক
52. $Mn^{3+}(3d^4)$ এর বর্ণ কোনটি ?
 A) খয়েরী B) নীল
 C) ধূসর D) বেগুনি
53. নিচের কোন সেট মৌলসমূহ অবস্থান্তর মৌল ?
 A) Sc, Fe, Cu, Cr B) Fe, Co, Ni, Zn
 C) Cr, Mn, Fe, Cu D) Sc, Cr, Fe, Zn

54. Fe_2O_3 তে Fe এর জারণ সংখ্যা কত ?

- A) 3
B) 2
C) 4
D) 1

f- ব্লক

55. বিরল মৃত্তিকা সম্পর্কে কোনটি ভুল ?

- A) এরা ল্যান্থানাইড
B) রূপালী উজ্জ্বল
C) অত্যন্ত সক্রিয়
D) গ্রুপ-8 এর অন্তর্গত

56. জাহাজ ও রেলগাড়ির সার্চ লাইটে কিসের মিশ্রণ থাকে ?

- A) ThO_2 ও CO_2
B) ThO_2 ও SiO_2
C) ThO_2 ও CeO_2
D) CeO_2 ও SiO_2

57. অভ্যন্তরীণ অবস্থার মৌলের স্থিতিশীল আয়নের ইলেকট্রন বিন্যাস কোনটি ?

- A) $(n-1)d^{1-10} ns^{1-2}$
B) $(n-2)f^{1-14}(n-1)d^{0, 1, 2} ns^2$
C) $(n-1)d^{1-9}$
D) $(n-2)f^{1-13}$

গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক

58. Si এর গলনাঙ্ক কত ?

- A) $255^{\circ}C$
B) $1410^{\circ}C$
C) $660^{\circ}C$
D) $2519^{\circ}C$

59. C এর গলনাঙ্ক কত?

- A) $1410^{\circ}C$
B) $3570^{\circ}C$
C) $1300^{\circ}C$
D) $1500^{\circ}C$

পরমাণুর আকার

60. হীরকে দুটি কার্বন পরমাণুর মধ্যকার আন্তঃনিউক্লিয়ার দূরত্ব কত ?

- A) 77 pm
B) 154 pm
C) 198 pm
D) 99 pm

61. Na এর ধাতব ব্যাসার্ধ কত ?

- A) 168 pm
B) 186 nm
C) 186 pm
D) 168 nm

62. Li এর ধাতব ব্যাসার্ধ কত ?

- A) 123 pm
B) 157 pm
C) 155 pm
D) 186 pm

63. C এর গলনাঙ্ক কত?

- A) $1410^{\circ}C$
B) $3570^{\circ}C$
C) $1300^{\circ}C$
D) কোনটিই নয়

আয়নিকরণ শক্তি

64. আয়নিকরণ শক্তির জন্য নিচের কোন ক্রমটি সঠিক নয় ?

- A) $Li < Be$
B) $B < C$
C) $Be < B$
D) $O < N$

65. আয়নিকরণ শক্তির ওপর উপশক্তিস্তরের প্রভাব কোনটি ?

- A) d-উপশক্তিস্তর > p উপশক্তিস্তর > s উপশক্তিস্তর
B) d-উপশক্তিস্তর < p উপশক্তিস্তর < s উপশক্তিস্তর
C) s-উপশক্তিস্তর < d উপশক্তিস্তর < p উপশক্তিস্তর
D) d-উপশক্তিস্তর > s উপশক্তিস্তর > p উপশক্তিস্তর

ইলেকট্রন আসক্তি

66. হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম হলো ?

- A) $Cl > F > Br > I$
B) $F > Cl > Br > I$
C) $I > Br > Cl > F$
D) $I > Br > F > Cl$

67. ইলেকট্রন আসক্তিকে কী দ্বারা প্রকাশ করা হয় ?

- A) Ei
B) Ek
C) Ep
D) Eca

68. নিচের কোনটি F এর ইলেকট্রন আসক্তি ?

- A) 328 Jmol^{-1}
B) -328 Jmol^{-1}
C) 328 KJmol^{-1}
D) -328 KJmol^{-1}

69. Be এর ইলেকট্রন আসক্তির মান কত ?

- A) -7
B) -59.6
C) -72
D) 0

তড়িৎ ঋণাত্মকতা

70. F এর তড়িৎ ঋণাত্মকতার মান হলো-

- A) 3.5
B) 4.0
C) 4.5
D) 3.0

71. নিচের কোনটি সত্য নয় ?

- A) বিজারণ ক্ষমতা বেশি হলে ধাতব ধর্ম প্রবল হবে
B) s- ব্লক মৌলসমূহ বিজারক হিসেবে কাজ করে
C) জারণ ক্ষমতা বেশি হলে অধাতব ধর্ম প্রবল হবে
D) গ্রুপ-1 এর বিজারণ ক্ষমতার ক্রম : $Cs < Rb < K < Na < Li$
অক্সাইডের অম্ল ও ক্ষার ধর্ম

72. MgO এবং Al_2O_3 কি হিসেবে ব্যবহৃত হয় না ?

- A) অটোমোবাইল স্পার্ক প্লাগ
B) ইলেকট্রিক হিটার
C) ইনসুলেটররূপে
D) অপটিকেল ফাইবার

73. H^+ আয়ন ইউনিভার্সাল নির্দেশককে কী বর্ণ করে ?

- A) হলুদ
B) সবুজ
C) বেগুনি
D) নীল

74. KO_2 এ অক্সিজেনের জারণ মান কত ?

- A) -1
B) -1/2
C) -2
D) +2

75. Li_2O কি ধর্মী অক্সাইড ?

- A) অম্লধর্মী
B) তীব্র ক্ষারধর্মী
C) মৃদু ক্ষারধর্মী
D) উভধর্মী

76. MgO এর গঠন তাপ কত ?

- A) 550 KJ mol^{-1}
B) 590 KJ mol^{-1}
C) 623 KJ mol^{-1}
D) 690 KJ mol^{-1}

মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধনের সম্পর্ক

77. CH_4 অণুতে কতটি বন্ধন ইলেকট্রন যুগল আছে ?

- A) ২টি
B) ৪টি
C) ৩টি
D) ১টি

78. নিচের কোন যৌগে ত্রিবন্ধন বিদ্যমান?

- A) O_2
B) C_2H_4
C) N_2
D) H_2

79. সমযোজী বন্ধনের গঠন সম্পর্কে বিদ্যমান মতবাদ কয়টি?

- A) ১টি
B) ৪টি
C) ৩টি
D) ২টি

সমযোজী বন্ধনের শ্রেণীবিভাগ

80. অ্যালকাইন অধিক সক্রিয় হয় কোন বন্ধনের জন্য?
A) সিগমা B) পাই
C) ধাতব D) সমযোজী
81. সিগমা বন্ধনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?
A) এরা সামনাসামনি অধিক্রমনের ফলে সৃষ্টি
B) σ বন্ধন দ্বারা প্রকাশ করা হয়
C) S-S, S-P, P-P এর মাঝে সিগমা বন্ধন গঠিত হয়
D) সংকর অরবিটালে π বন্ধন হয়
82. পাই বন্ধনের ক্ষেত্রে কোনটি সত্য নয়?
A) পাই বন্ধন সৃষ্টির ক্ষেত্রে প্রথমে একটি সিগমা বন্ধন থাকতে হবে
B) π বন্ধন, (σ) বন্ধন থেকে সরল
C) পাশাপাশি অধিক্রমনের ফলে এদের সৃষ্টি
D) সংকর অরবিটালে π বন্ধন ঘটে না
83. নিচের কোনটিতে ত্রিবন্ধন বিদ্যমান?
A) O₂ B) C₂H₄
C) N₂ D) H₂
84. সমযোজী বন্ধনের গঠন সম্পর্কে বিদ্যমান মতবাদ কয়টি?
A) ১টি B) ৪টি
C) ৩টি D) ২টি

অরবিটাল সংকরণ

85. sp² সংকরায়নে s-চরিত্র কত %?
A) 25% B) 30%
C) 33.33% D) 50%
86. O₃ আয়নের সংকরায়ন কোনটি?
A) SP B) SP²
C) SP³ D) SP³d
87. বেনজিন অণুতে প্রত্যেক কার্বন C পরমাণু সংকরণ কীরূপ?
A) SP B) SP²
C) SP³ D) SP³d
88. SO₄²⁻ মূলকে সংকরণ কী?
A) SP B) SP³
C) SP³d D) SP³d²
89. হীরকে কোন ধরনের সংকরণ ঘটে?
A) SP B) SP²
C) SP³ D) SP⁴

সংকর অরবিটালের প্রকারভেদ

90. IF₇ অণুর গঠন কিরূপ?
A) সমতলীয় বর্গাকার B) ত্রিকোণাকার দ্বিপিরামিড
C) পঞ্চভুজীয় দ্বিপিরামিড D) অষ্টতলকীয়
91. C₂H₄ যৌগে কোন ধরনের সংকরণ হয়েছে?
A) SP B) SP²
C) SP³ D) SP³d

সংকর অরবিটালের সাথে সমযোজী যৌগের আকৃতির সম্পর্ক

92. PCl₅ অণুর আকৃতি কীরূপ?
A) ত্রিকোণাকার দ্বিপিরামিড গঠন
B) পঞ্চভুজীয় দ্বিপিরামিড গঠন
C) সমতলীয় বর্গাকার গঠন
D) অষ্টতলকীয় গঠন
93. ইথিনের আকৃতি কিরূপ?
A) চতুস্তলকীয় গঠন
B) সমতলীয় ত্রিভুজাকার গঠন
C) সরলরৈখিক
D) সম তলীয় বর্গাকার
94. XeF₆ যৌগে মুক্তজোড় ইলেকট্রন সংখ্যা কতটি?
A) ১টি B) ২টি
C) ৩টি D) ৪টি
95. নিচের কোন যৌগের আকৃতি সরলরৈখিক?
A) কার্বন ডাইঅক্সাইড B) ফসফরাস পেন্টাক্লোরাইড
C) বোরন ট্রাইফ্লোরাইড D) জেনন টেট্রাফ্লোরাইড
- অণুর আকৃতি বন্ধন কোণের উপর মুক্তজোড় ইলেকট্রনের প্রভাব
96. H₂S এর বন্ধন কোণের মান কত?
A) 107° B) 104.5°
C) 94° D) 92°
97. NH₄⁺ আয়নের বন্ধন কোণ কত?
A) 107° B) 109.28°
C) 104.5° D) 90°
98. কোন মৌলটির বন্ধন কোণ সবচেয়ে ছোট?
A) H₂O B) NCl₃
C) H₂S D) PH₃
99. AsH₃ এর বন্ধন কোণ কত?
A) 180° B) 120°
C) 93.3° D) 91.8°
100. NO₂ অণুর গঠনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?
A) ২টি বন্ধন জোড় ও ১টি নিঃসঙ্গ ইলেকট্রন জোড় বর্তমান
B) বন্ধন কোণ 135°
C) জ্যামিতিক আকার সরলরৈখিক
D) নিঃসঙ্গ ইলেকট্রনজোড় বন্ধন ইলেকট্রন জোড়কে বিকর্ষন করে
101. কোন যৌগটির বন্ধন কোণ সবচেয়ে ছোট?
A) H₂O B) NH₃
C) H₂S D) PH₃

সন্নিবেশ বন্ধন

102. Ag(NH₃)₂ অণুতে কোন বন্ধনটি নেই?
A) আয়নিক B) সন্নিবেশ
C) সমযোজী D) হাইড্রোজেন বন্ধন
103. নিচের কোনটি বিভিন্ন বন্ধনযুক্ত যৌগের ধর্ম?
A) নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক
B) তড়িৎ অপরিবাহিতা

C) আয়ন সমূহের স্বকীয়তা

D) তড়িৎ ঋণাত্মকতা

104. নিচের কোনটি সন্নিবেশ বন্ধন গঠন করে না?

A) H₂O

B) NH₃

C) BCl₃

D) CCl₄

সমযোজী বন্ধনে পোলারিটি

105. BeCl₂ আয়নিক বৈশিষ্ট্য কত% ?

A) প্রায় ২০%

B) প্রায় ৪৫%

C) প্রায় ১৮%

D) প্রায় ৯০%

106. HF যৌগের শতকরা আয়নিক বৈশিষ্ট্য কত?

A) 60 ভাগ

B) 17 ভাগ

C) 11 ভাগ

D) 6 ভাগ

107. তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য 2.3 এর জন্য শতকরা আয়নিক বৈশিষ্ট্য কত?

A) 90

B) 75

C) 25

D) 50

108. HI এর শতকরা আয়নিক বৈশিষ্ট্য কত?

A) 60 ভাগ

B) 6 ভাগ

C) 17 ভাগ

D) 9 ভাগ

আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য

109. পোলারায়নের শর্ত নয় কোনটি?

A) ক্যাটায়নের ও অ্যানায়নের চার্জের পরিমাণ যত বেশি

B) ক্যাটায়নের আকার যত ছোট হয় অ্যানায়নের আকার যত বড় হয়

C) ক্যাটায়নে ইলেকট্রন বিন্যাসে d অরবিটালের উপস্থিতি

D) অ্যানায়নের ইলেকট্রন বিন্যাসে d অরবিটালের উপস্থিতি

110. নিচের কোন আয়নটি অ্যানায়নকে অধিক পোলারায়িত করবে?

A) Na⁺

B) Mg²⁺

C) Al³⁺

D) Fe³⁺

111. অর্নাদ্র ফেরাস ক্লোরাইডের গলনাঙ্ক কত?

A) 360^oC

B) 670^oC

C) 801^oC

D) 730^oC

112. কোনটির গলনাঙ্ক সর্বাধিক?

A) CaF₂

B) CaCl₂

C) CaBr₂

D) CaI₂

113. পোলারায়ন ক্ষমতার কোন ক্রমটি সঠিক?

A) Na⁺ > Mg²⁺ > Al³⁺ > Si⁴⁺

B) Na⁺ > Mg²⁺ > Si⁴⁺ > Al³⁺

C) Al₃³⁺ > Mg²⁺ > Na⁺ > Si⁴⁺

D) Si⁴⁺ > Al³⁺ > Mg²⁺ > Na⁺

114. গলনাঙ্কের মানের ভিত্তিতে ভিত্তিহীন জোড়া কোনটি?

A) CaBr₂ = 730^oC

B) CaCl₂ = 701^oC

C) CaI₂ = 575^oC

D) CaF₂ = 1392^oC

115. AgCl এর গলনাঙ্ক কত?

A) 442^oC

B) 455^oC

C) 170^oC

D) 755^oC

116. নিম্নোক্ত কোন যৌগটি পানিতে স্বল্প দ্রবণীয় ?

A) LiF

B) LiCl

C) NaF

D) NaCl

আয়নিক বিভব

117. Cu₂S এর বর্ণ কীরূপ ?

A) লালচে বাদামি

B) ধূসর বর্ণ

C) লাল বর্ণ

D) নীল বর্ণ

118. Na এর প্রমাণ বিজারক বিভব কত ?

A) 3.04

B) 2.93

C) 2.99

D) 2.71

119. CdS এর বর্ণ কীরূপ?

A) কালো

B) লাল

C) হলুদ

D) নীল

120. PbI₂ এর বর্ণ কীরূপ?

A) কালো

B) হলুদ

C) সোনালী হলুদ

D) সাদা

121. AgI এর বর্ণ কীরূপ?

A) বর্ণহীন

B) লাল

C) হালকা হলুদ

D) গাঢ় হলুদ

ধাতব কার্বনেটের তাপীয় স্থিতি

122. ক্যাটায়নের আয়নিক পটেনসিয়াল বৃদ্ধির সাথে কোনটি সামঞ্জস্যপূর্ণ নয়?

A) আয়নিক লবণের গলনাঙ্ক স্ফুটনাঙ্ক হ্রাস পায়

B) লবণের পানিতে দ্রাব্যতা হ্রাস পায়

C) যৌগসমূহ বর্ণহীন হয়

D) ধাতব কার্বনেটসমূহ অল্প তাপে বিয়োজিত হয়

ভ্যানডার ওয়ালস বল

123. ধাতব বন্ধনের শক্তিমাত্রা কত?

A) 400–4000

B) 10–40

C) 3–15

D) 75–1000

124. ডাইপোল-ডাইপোল বন্ধনের শক্তিমাত্রা কত?

A) 1–10

B) 2–10

C) 3–4

D) 3–15

125. নিচের কোনটি মিথ্যা?

A) ভ্যানডার ওয়ালস খুবই দুর্বল প্রকৃতির বল

B) পাশাপাশি গ্যাসকে তরলে পরিণত করা সম্ভব হয়

C) ডাইপোল আকর্ষণ বলের চেয়ে ভ্যানডার ওয়ালস বল

শক্তিশালী

D) ভ্যানডার ওয়ালস আকর্ষণ বলের কোন দিকনির্দেশক ধর্ম নেই

126. ডাইপোল আকর্ষণ বলের মান?

A) আয়নের চার্জের ব্যস্তানুপাতিক

B) আয়নের চার্জের সমান

C) আয়নের চার্জের সমানুপাতিক

D) নিউক্লিয়ার চার্জের সমান

127. ড্যানডারওয়ালস আকর্ষণ বলের অনুসমূহ কীরূপ হয়?

- A) পোলার সমযোজী B) অপোলার সমযোজী
C) আয়নিক D) ডাইপোল

128. ডাইপোল মোমেন্টের একক কী?

- A) কুলম্ব B) ডিভাই
C) কুলম্ব সে.মি D) ক্যাডেল্লা

129. আবিষ্ট চার্জ সৃষ্টি হওয়াকে কী বলে?

- A) পোলারায়ন B) পোলার
C) ডাইপোল D) সমযোজী

130. O₂ অণুর মাঝে ড্যানডারওয়ালস বল কত?

- A) 402 KJ/mol B) 310 KJ/mol
C) 7 KJ/mol D) 11 KJ/mol

131. গোল্ড সাসপেনশন তৈরী হয় কোন বলের প্রভাবে ?

- A) বিস্তারণ বল B) স্থায়ী ডাইপোল
C) ড্যানডারওয়ালস বল D) H- বন্ধন

132. কার্বন-কার্বন বন্ধন শক্তির মান কত ?

- A) 384 KJ mol⁻¹ B) 380 KJ mol⁻¹
C) 340 KJ mol⁻¹ D) 348 KJ mol⁻¹

হাইড্রোজেন বন্ধন

133. H বন্ধনের জন্য কোনটি প্রযোজ্য না ?

- A) 10–40 kJmol⁻¹ শক্তিমাত্রা
B) কম তড়িৎ ঋণাত্মকতা
C) ছোট আকারের N, O, F এর সাথে হয়
D) পানিতে H- বন্ধন আছে

134. C₁₁H₂₄ কোন দ্রাবকে অদ্রবণীয় ?

- A) বেনজিন B) টলুইন
C) পানি D) ইথার

135. H- বন্ধনের ফলে বিদ্যমান পরিবর্তন-

- A) হাইড্রোজেন বন্ধন গঠনের ফলে পদার্থের স্ফুটনাংক বৃদ্ধি পায়
B) হাইড্রোজেন বন্ধনের প্রভাবে পদার্থের গলনাংক বৃদ্ধি পায়
C) হাইড্রোজেন বন্ধনের কারণেই পানির পৃষ্ঠতল টান বৃদ্ধি পায়
D) সবগুলো

136. H₂S এর স্ফুটনাঙ্ক কত?

- A) 60.7°C B) -60.7°F
C) -60.7°C D) 60.7K

137. S ও H এর মধ্যে তড়িৎ ঋণাত্মকতা পার্থক্য কত?

- A) 0.3 B) 0.4
C) 0.5 D) 0.6

138. H বন্ধনের ব্যবহার নয় কোনটি?

